গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘সিত্রাং’ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের করণীয় নির্ধারণের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও বার | : | ২৪ অক্টোবর ২০২২, সোমবার |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকায় |
| সভাপতি | : | জনাব মোঃ তাজুল ইসলাম এমপি<br>মন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| উপস্থিতি তালিকাঃ | | পরিশিষ্ট -ক |

সভার সভাপতি ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এর অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী সভা শুরু করেন। তিনি পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘সিত্রাং’ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের করণীয় নির্ধারণের লক্ষ্যে সভায় উপস্থিত এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণসহ সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম-কে তাঁর সূচনা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

২। সভার সভাপতি জনাব মোঃ তাজুল ইসলাম, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘সিত্রাং’ উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এবং উত্তর বঙ্গোপসাগর এলাকায় (অক্ষাংশ: ১৭.৮$^{\circ}$ উত্তর, দ্রাঘিমাংশ; ৮৮.৮$^{\circ}$ পূর্ব) অবস্থান করছে। এটি আজ সকাল ০৬.০০টায় (২৪ অক্টোবর, ২০২২) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৫৯০ কি.মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৫৩৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৫২৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৪৯৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরো ঘণীভূত ও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আগামীকাল ভোররাত/সকাল নাগাদ খেপুপাড়ার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল অতিক্রম করতে পারে।

৩।	ঘূর্ণিঝড় কেন্দ্রের ৫৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৬২ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৮৮ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর বিক্ষুব্ধ রয়েছে।

৪।	মোংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৭ (সাত) নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

৫।	প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ আরো ঘনীভূত হয়ে 'ঘূর্নিঝড় সিত্রাং' এ পরিণত হয়েছে। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আজ সন্ধ্যা নাগাদ চট্টগ্রাম ও বরিশাল উপকূলে আঘাত হানার সম্ভাবনা রয়েছে। ফলে দেশের উপকূলবর্তী ১৫ টি জেলায় ব্যাপক ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যেই মানুষজন ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে আশ্রয় নেওয়া শুরু করেছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর নির্দেশক্রমে ইতোমধ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রতিটি আশ্রয়কেন্দ্রে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা চালু রাখার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে নিরাপদ খাবার পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণে প্রস্তুতি নেওয়া হয়েছে। ঘূর্ণিঝড় কবলিত এলাকায় নিরাপদ খাবার পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকল্পে প্রতিটি উপজেলায় নিম্নবর্ণিত মালামাল মজুদ নিশ্চিত করা হয়েছেঃ

১)	১০০০০০ পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট;
২)	৭০০ টি জেরিক্যান;
৩)	১০০ টি অস্থায়ী নলকূপ স্থাপনের মালামাল;
৪)	৪০০ টি অস্থায়ী ল্যাট্রিন স্থাপনের মালামাল;
৫)	ব্লিচিং পাউডার;
৬)	নলকূপ উঁচুকরণ ও মেরামতের জন্য খুচরা যন্ত্রাংশ (Spare Parts);
৭)	৩০০ টি ট্যাপসহ বালতি;
৮)	৩০০ টি হাইজিন কিট;
৯)	অধিক ঝুঁকিপূর্ণ জেলাগুলোতে ৩ টি করে মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রস্তুত রাখা হয়েছে এবং অধিক ঝুঁকিপূর্ণ উপজেলাগুলোতে ইতোমধ্যে ১ টি করে মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট পাঠানো হয়েছে।
১০)	ঘূর্ণিঝড় মোকাবিলা সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ (মনিটরিং) এবং সমন্বয় করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর ঢাকাস্থ প্রধান কার্যালয় এবং ঘূর্ণিঝড় কবলিত সকল জেলায় "কন্ট্রোল রুম" খোলার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।
১১)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকতা/কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে কর্মস্থলে উপস্থিত থেকে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করছে এবং ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য নিরাপদ খাবার পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিত করার নিমিত্ত নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

৬। বিস্তারিত আলোচনা শেষে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'সিত্রাং' মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ''সিত্রাং' এর সম্ভাব্য প্রভাব মোকাবিলার আগাম প্রস্তুতি হিসেবে উপকূলীয় জেলাসমুহে ঘূর্ণিঝড় সম্পর্কে ব্যাপক প্রচারণা, ঘূণিঝড় আশ্রয় কেন্দ্রসমূহ প্রস্তুত রাখা, প্রয়োজনে তাৎক্ষণিকভাবে জনগণকে আশ্রয় কেন্দ্রে নিয়ে আসা ও স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে ত্রাণ কার্যক্রম পরিচালনাসহ ঘূর্ণিঝড় মোকাবেলায় যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করতে হবে;

খ) দুর্যোগপূণ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্য, পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণকে দুগর্ত মানুষের জন্য প্রয়োজনে শুকনা খাবার, দেশলাই, মোমবাতি ইত্যাদি প্রয়োজনীয় সামগ্রী সরবরাহের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

গ) ঘূণিঝড় ''সিত্রাং' পরবর্তী রাস্তা-ঘাট/কালভার্ট সংস্কার/মেরামতপূর্বক সচল রাখার কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঘ) আশ্রয়কেন্দ্রসহ উপদ্রুত এলাকায় পর্যাপ্ত বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ওয়াটার কনটেইনার স্থাপন ও প্রয়োজনীয় সংখ্যক পানি বিশুদ্ধকরণ টেবলেট সরবরাহ করার জন্য প্রধান প্রকৌশলী, ডিপিএইচই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঙ) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'সিত্রাং' এর সম্ভাব্য প্রভাব মোকাবিলার জন্য স্থানীয় সরকার বিভাগে নিয়ন্ত্রণ কক্ষ খোলা রাখতে হবে।

চ) ঘূর্ণিঝড় মোকাবিলা সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ (মনিটরিং) এবং সমন্বয় করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ঢাকাস্থ প্রধান কার্যালয় এবং ঘূর্ণিঝড় কবলিত সকল জেলায় "কন্ট্রোল রুম" খোলার প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৭। পরিশেষে সভাপতি পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'সিত্রাং' মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তাজুল ইসলাম, এমপি)
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০২. ২০১৯-১২৩১ | তারিখঃ | ০৮ কার্তিক ১৪২৯<br>২৪ অক্টোবর ২০২২ |

সদয় অবগতি/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
৬। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮। উপসচিব (সকল),স্থানীয় সরকার বিভাগ।
৯। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১০। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১২। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকোশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/সিলেট সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন ।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণ দপ্তর, ঢাকা।

24/10/2022

এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd